# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 16.09.2026** **Time: 1.30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর ঃ–</u>**

১) কেন্দ্রীয় অর্থ মন্ত্রক স্পষ্ট জানিয়েছে, ব্যক্তিগত লেনদেনের ক্ষেত্রে UPI ব্যবহার করে টাকা পাঠানোর সময়ে কোনো মাশুল দিতে হবে না।

২) দেশজুড়ে আগামীকাল শুরু হচ্ছে ‘স্বচ্ছতা হি সেবা’ অভিযান। চলবে ১৭ই অক্টোবর পর্যন্ত।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লির যশোভূমিতে সেমিকন ইন্ডিয়া ২০২৬-এর পঞ্চম সংস্করণের উদ্বোধন করবেন।

৪) নিউজিল্যান্ডের সংসদ, ভারতের সঙ্গে অবাধ বাণিজ্য চুক্তি কার্যকর করার জন্য একটি আইন পাস করেছে।

৫) সমুদ্রে টহলের সময় ভারতীয় নৌবাহিনীর একটি রণতরীকে পাকিস্তানি যুদ্ধ জাহাজের ধাক্কা দেওয়ার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া বিদেশ মন্ত্রকের। নতুন দিল্লিতে পাকিস্তানী শার্জ দ্য অ্যাফেয়ার্স-কে জরুরী তলব ।

৬) ভারত আমেরিকা ২২-তম যৌথ সামরিক মহড়া 'যুদ্ধ অভ্যাস' আজ উত্তরাখণ্ডের চামোলি এবং রাজস্থানের মহাজন ফিল্ড ফায়ারিং রেঞ্জে শুরু হয়েছে।

৭) পশ্চিমবঙ্গ সহ দেশের ৫ টি বিধানসভা কেন্দ্র ও অসমের একটি লোকসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ আজ শেষ হচ্ছে।

*********************************************************************

কোনও ব্যক্তি অপর কোনও ব্যক্তিকে UPI-মাধ্যম ব্যবহার করে টাকা পাঠালে কোনও মাশুল বা চার্জ দিতে হবে না বলে স্পষ্ট করে জানিয়ে দিয়েছে কেন্দ্রীয় অর্থ মন্ত্রক। এক্ষেত্রে অর্থের পরিমাণ যা-ই হোক না কেন, কোনও মাশুল দিতে হবে না। ব্যবসায়িক ক্ষেত্রেও ২০০০ টাকা পর্যন্ত লেনদেনেও কোনও মাশুল লাগবে না। ক্ষুদ্র বিক্রেতাদের জন্য প্রযোজ্য 'জিরো মার্চেন্ট ডিসকাউন্ট রেট' (MDR) কাঠামোর আওতাভুক্ত লেনদেনগুলোও সম্পূর্ণ বিনামূল্যে থাকবে। তবে, ২,০০০ টাকার বেশি মূল্যের নির্দিষ্ট কিছু মার্চেন্ট লেনদেনের ক্ষেত্রে এমডিআর (MDR) প্রযোজ্য হবে। এক্ষেত্রে শূন্য দশমিক চার শতাংশ হারে মাশুল ধার্য হবে। ৭৫,০০০ টাকা বা তার বেশি মূল্যের বড় অঙ্কের ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে প্রতি লেনদেনে সর্বোচ্চ

৩০০ টাকা এমডিআর ধার্য হবে। তবে এক্ষেত্রেও গ্রাহকদের কোনও অতিরিক্ত শুল্ক দিতে হবে না। চার্জ প্রযোজ্য হবে বিক্রেতাদের জন্য।

এনপিসিআই জানিয়েছে, গ্রাহকদের জন্য ইউপিআই পরিষেবা বিনামূল্যে রেখেই নির্দিষ্ট কিছু মার্চেন্ট লেনদেনের ক্ষেত্রে একটি সংশোধিত ইউপিআই মার্চেন্ট ডিসকাউন্ট রেট কাঠামো চালু করা হয়েছে, যা আগামী মাসের ১৫ তারিখ থেকে কার্যকর হবে।

*********************************************************************

আন্তর্জাতিক মুদ্রা তহবিল IMF জানিয়েছে, ভারত তার শক্তিশালী আর্থিক ভিত্তি ও ক্রমবর্ধমান প্রযুক্তির মাধ্যমে বিশ্বের অগ্রগতির জোয়ারে অংশ নেওয়ার জন্য প্রস্তুত। আইএমএফ-এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর নাইজেল ক্লার্ক ভারতের অর্থনীতিকে বিশ্বের দ্রুততম বর্ধনশীল বলে অভিহিত করেন। নতুন দিল্লি। মুম্বাই ও চেন্নাইয়ে বিভিন্ন বৈঠকসহ ভারতে পাঁচ দিনের সফর শেষে তিনি এই মন্তব্য করেন। তিনি ভারতের বহুমাত্রিক বেসরকারি ক্ষেত্রে প্রতিভা ও উদ্ভাবনের প্রশংসাও করেন।

*********************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, কর সংক্রান্ত প্রস্তাব দেওয়ার ক্ষেত্রে করের হার কমানো, ছাড় বা অন্যান্য সুবিধার ঊর্ধ্বে দেশ ও জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে হবে। বেঙ্গালুরুতে আজ ‘ইন্টারন্যাশনাল ট্যাক্স রিসার্চ অ্যান্ড অ্যানালিসিস ফাউন্ডেশনে’র উদ্যোগে আয়োজিত দু’দিনের ‘নিউ এজ ট্যাক্সেশন’ সম্মেলনের উদ্বোধন করে তিনি শিক্ষাবিদ, গবেষক এবং থিঙ্ক ট্যাঙ্কগুলিকে করনীতি সংক্রান্ত গবেষণাকে নিয়মিত জন-আলোচনার অংশ করে তোলার আহ্বান জানান। তিনি বলেন, এই ধরনের গবেষণা নিয়ে আলোচনা, পর্যালোচনা এবং প্রয়োজন অনুযায়ী সংশোধনের সুযোগ থাকা জরুরি।

*********************************************************************

দেশজুড়ে আগামীকাল শুরু হচ্ছে ‘স্বচ্ছতা হি সেবা’ অভিযান। চলবে ১৭ই অক্টোবর পর্যন্ত। নির্দিষ্ট স্থানে স্বচ্ছতা এবং জনবহুল স্থাঙ্গুলির রূপান্তর ঘটিয়ে সেগুলিকে পরিচ্ছন্ন করে তোলা, স্বচ্ছতা অভিযানে যুবসমাজকে সক্রিয়ভাবে শামিল করা এবং চক্রাকার অর্থনীতি অর্থাৎ ‘বর্জ্য থেকে সম্পদ’ –এর মাধ্যমে ‘স্বচ্ছতা সে সমৃদ্ধি’র প্রসার ঘটানোই এই অভিযানের মূল লক্ষ্য। চলতি বছরের এই অভিযানের মূল ভাবনা হলো— ‘স্বচ্ছতা মে সহভাগ’, ‘স্বচ্ছ ভারত’, ‘বিকশিত ভারত’।

উল্লেখ্য, ২০১৭ সালে সূচনার পর থেকে, স্বচ্ছতা হি সেবা অভিযান স্বচ্ছ ভারত মিশনের একটি অন্যতম অঙ্গ হিসেবে চলে আসছে। প্রতি বছর এই অভিযানের মাধ্যমে দেশের নাগরিকরা পারিপার্শ্বিক পরিবেশের দায়িত্ব নিতে এগিয়ে আসেন। আগামী দোসরা অক্টোবর গান্ধী জয়ন্তীতে পুরসভাগুলির উদ্যোগে জনবহুল স্থানগুলিতে

এক বিশেষ স্বচ্ছতা অভিযান চালানো হবে। পাশাপাশি, এক পেড় মা কে নাম উদ্যোগের আওতায় রূপায়িত হবে বৃক্ষরোপণ কর্মসূচিও। এছাড়া, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসেবার ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্যগুলিকে আগামী ৭ই অক্টোবর বিশেষ স্বচ্ছতা কর্মসূচি পালনের অনুরোধ জানানো হয়েছে।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লির যশোভূমিতে 'সেমিকন ইন্ডিয়া ২০২৬'-এর পঞ্চম সংস্করণের উদ্বোধন করবেন। তিন দিনের এই সম্মেলণে বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স শিল্পের প্রতিনিধিরা, সহযোগিতা বৃদ্ধি, উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যাওয়া, উৎপাদন ক্ষমতা শক্তিশালী করা, বিনিয়োগ আকর্ষণ এবং ভবিষ্যৎ-প্রস্তুত দক্ষ কর্মী গোষ্ঠী গড়ে তোলার লক্ষ্যে একত্রিত হবেন। অনুষ্ঠানে ৬০০-রও বেশি প্রদর্শক, ৩০০ টি আন্তর্জাতিক সংস্থা এবং ৪০টিরও বেশি দেশের প্রতিনিধিদল অংশ নেবে। প্রদর্শনীতেবিশ্বের ছয়টি দেশের প্যাভিলিয়ন, বারোটি রাজ্য সরকারের প্যাভিলিয়ন এবং একটি বিশেষ স্টার্টআপ প্যাভিলিয়ন থাকবে ।

ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন, ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রক এবং আন্তর্জাতিক সেমিকন্ডাক্টর সংগঠন SEMI(সেমি ) যৌথভাবে দেশের প্রধান সেমিকন্ডাক্টর সম্মেলন ও প্রদর্শনী, সেমিকন ইন্ডিয়ার আয়োজন করছে । অনুষ্ঠানে সেমিকন্ডাক্টর উৎপাদন ও প্রযুক্তিসহ ইলেকট্রনিক্স শিল্পের অত্যাধুনিক গতিপ্রকৃতি ও গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর আলোকপাত করা হবে।

প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, এই আয়োজন ভারত ও আন্তর্জাতিক সংস্থাগুলির জন্য অংশীদারিত্ব, বিনিয়োগের সুযোগ, প্রযুক্তি সহযোগিতা এবং আন্তর্জাতিক ক্ষেত্রে বিশ্বস্ত সেমিকন্ডাক্টর অংশীদার হিসেবে ভারতের অবস্থান আরও সুদৃঢ় করার সুযোগ এনে দেবে।

*******************************************************************

নিউজিল্যান্ডের সংসদ ভারতের সঙ্গে অবাধ বাণিজ্য চুক্তি কার্যকর করার জন্য একটি আইন পাস করেছে। এর ফলে দুই দেশের মধ্যে শুল্ক উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে এবং ব্যবসা বাণিজ্যর সম্প্রসারণ হবে । বিরোধী দল লেবার পার্টির সমর্থনে ৯৩-২৯ ভোটে এই আইনটি অনুমোদিত হয়। নিউজিল্যান্ডের বাণিজ্যমন্ত্রী টড ম্যাকক্লে বলেছেন, এই চুক্তি রপ্তানিকারকদের জন্য খুব সুবিধাজনক হবে। চুক্তিটি এই বছরের শেষের দিকে কার্যকর হবে বলে আশা করা হচ্ছে। চুক্তির আওতায়, ভারতে নিউজিল্যান্ডের রপ্তানি পণ্যের প্রায় ৯৫ শতাংশের ওপর শুল্ক তুলে নেওয়া হবে অথবা তা উল্লেখযোগ্যভাবে কমানো হবে। চুক্তিটি কার্যকর হওয়ার দিন থেকেই এর আওতাভুক্ত অর্ধেকেরও বেশি পণ্য শুল্কমুক্ত হওয়ার সুবিধা পাবে। ভারতের সব ধরণের পণ্য নিউজিল্যান্ডের বাজারে শুল্কমুক্ত প্রবেশের সুবিধা পাবে। এছাড়া ওয়েলিংটন আগামী ১৫ বছরে ভারতে ২০০০ কোটি মার্কিন ডলার বিনিয়োগ করতেও রাজি হয়েছে।

*******************************************************************

বিদেশমন্ত্রী ডঃ সুব্রমনিয়াম জয়শঙ্কর আজ দুদিনের ভুটান সফর শুরু করছেন। সফরকালে ডঃ জয়শঙ্কর, ভুটানের বিদেশমন্ত্রী লিওনপো ডি এন ধুনগিয়েলের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন। সেদেশের প্রধানমন্ত্রীর আমন্ত্রনে ভুটানের রাজায় সঙ্গে তাঁর সাক্ষত হবে। বিদেশমন্ত্রক জানিয়েছে, ভারত ও ভুটানের মধ্যে নিয়মিত উচ্চ পর্যায়ের মত বিনিময়ের অঙ্গ হিসেবে এবং দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতার দিকটি আর সুদৃঢ় করার লক্ষ্যেই এই সফর।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ***রবিবার ২৭ শে সেপ্টেম্বর,*** আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৮-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

*******************************************************************

সমুদ্রে টহলের সময় ভারতীয় নৌবাহিনীর একটি রণতরীকে পাকিস্তানি যুদ্ধ জাহাজের ধাক্কা দেওয়ার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া বিদেশ মন্ত্রকের। নতুন দিল্লিতে পাকিস্তানী ‘চার্জ দ্য অ্যাফেয়ার্স’ -কে জরুরী তলব ।

এক বিবৃতিতে বিদেশ মন্ত্রক জানিয়েছে, আন্তর্জাতিক জলসীমার মধ্যে ঘটা এই সংঘর্ষে বড় ধরনের ক্ষতি না হলেও পাকিস্তানি বাহিনীর আচরণ ১৯৯১ সালের এপ্রিল মাসে ভারত-পাকিস্তানের মধ্যে স্বাক্ষরিত সামরিক মহড়া, কৌশল ও সেনা চলাচল সংক্রান্ত চুক্তির সরাসরি লঙ্ঘন।

বিদেশ মন্ত্রক, পাকিস্তানি চার্জ দ্য অ্যাফেয়ার্স-কে নির্দেশ দিয়েছে, ভবিষ্যতে এ ধরনের ঘটনা এড়াতে সব সামরিক ইউনিটের যথাযথ সতর্কতা অবলম্বন এবং চুক্তির শর্তাবলী মেনে চলার জন্য সংশ্লিষ্ট পাকিস্তানি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে । পাশাপাশি, ইসলামাবাদের ভারতের চার্জ দ্য অ্যাফেয়ার্স-কে পাকিস্তানের বিদেশ মন্ত্রকের কাছে প্রতিবাদ জানাতে নির্দেশ দেওয়া হয়েছে ।

*******************************************************************

ভারত আমেরিকা ২২ তম যৌথ সামরিক মহড়া 'যুদ্ধ অভ্যাস' আজ উত্তরাখণ্ডের চামোলি জেলার আউলিতে শুরু হয়েছে। আউলি ফরেন ট্রেনিং সেন্টারে, ভারত ও আমেরিকা প্রতিটি দেশের ছশো জওয়ান এই মহড়ায় অংশ নিয়েছেন। আউলির পাশাপাশি রাজস্থানের মহাজন ফিল্ড ফায়ারিং রেঞ্জেও এই মহড়া অনুষ্ঠিত হচ্ছে। এই ধরণের মহড়ায় পর্বত সঙ্কুল এলাকায় পদাতিক বাহিনীর অভিযানকে বিশেষ গুরুত্ব দেওয়া

হয়। ড্রোন ও স্বয়ংক্রিয় নজরদারি ব্যবস্থাও এই প্রশিক্ষণে অন্তর্ভুক্ত হচ্ছে। আধুনিক অস্ত্র সরঞ্জাম ব্যবস্থাও মহাজন ফিল্ড ফায়ারিং রেঞ্জে তুলে ধরা হচ্ছে। উভয় পক্ষের বিশেষজ্ঞরা উদীয়মান প্রযুক্তি ও বহুমুখী যুদ্ধ সম্পর্কিত উন্নয়ন নিয়ে মত বিনিময় করছেন।

*******************************************************************

সৌদি আরব জানিয়েছে, গতকাল সন্ধ্যায় মক্কার কাছে তাদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা একটি হুথি ড্রোনকে আটক করে ধ্বংস করেছে। ইয়েমেনের বৈধ সরকারকে সমর্থনকারী জোটবাহিনীর মুখপাত্র মেজর জেনারেল তুরকি আল-মালিকি ঘটনাটিকে মক্কার উপর দ্বিতীয় হুথি হামলার চেষ্টা বলে বর্ণনা করেছেন। আল-মালিকি সতর্ক করে বলেছেন , ভবিষ্যতে এ ধরনের হামলা ঠেকাতে সৌদি নেতৃত্বাধীন জোট প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

এদিকে, হুথি বাহিনী মক্কাকে লক্ষ্য করে হামলার অভিযোগ অস্বীকার করেছে।

*******************************************************************

ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনারেল ধীরজ শেঠ আজ থেকে ১৮ই সেপ্টেম্বর পর্যন্ত সরকারি সফরে রাশিয়ায় রয়েছেন। তিন দিনের এই সফরে তিনি রাশিয়ার স্থলবাহিনীর প্রধান কর্নেল জেনারেল আন্দ্রে নিকোলায়েভিচ মরদভিচেভ-এর সঙ্গে বৈঠকে পেশাদার সামরিক সহযোগিতা ও প্রশিক্ষণসহ পারস্পরিক আগ্রহের বিষয়ে আলোচনা করবেন। জেনারেল শেঠ মস্কোয় 'টম্ব অফ দ্য আননোন সোলজার'-এ শহীদ সেনাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করার পাশাপাশি মস্কোর ন্যাশনাল ডিফেন্স কন্ট্রোল সেন্টারও পরিদর্শন করবেন এবং রাশিয়ার উপ-প্রতিরক্ষা মন্ত্রী সেরগেইভিচ অস্মাকভ সহ প্রতিরক্ষা মন্ত্রকেরর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করবেন। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, জেনারেল শেঠের এই সফরের লক্ষ্য ভারত ও রাশিয়ার দীর্ঘস্থায়ী প্রতিরক্ষা অংশীদারিত্ব ও সেনা সহযোগিতা আরও দৃঢ় করা।

*******************************************************************

নেপালের উত্তর-পশ্চিমাঞ্চলের মুগু জেলায় আজ ভোরে তিন ঘন্টার ব্যবধানে দুটি ভূমিকম্প অনুভূত হয়েছে । তবে এখনো পর্যন্ত কোনো প্রাণহানি বা ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। নেপালের ন্যাশনাল আর্থকোয়েক মনিটরিং অ্যান্ড রিসার্চ সেন্টার জানিয়েছে, রিখটার স্কেলে প্রথম ভূমিকম্পের মাত্রা ছিল ৪.৫, এরপর ৪.২ মাত্রার আরেকটি কম্পন অনুভূত হয়।

উল্লেখ্য, গত ২৬শে আগস্ট ভোটে-কোশি নদীর ভয়াবহ আকস্মিক বন্যায় রাসুয়া-ত্রিশুলি নদীর গতিপথ এবং নিম্নপ্রবাহের একাধিক জেলা ক্ষতিগ্রস্ত হয়েছিল। ইতিমধ্যেই অন্তত ১,৪০৩টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে, আর ৪,০৮৯ জন এখনও নিখোঁজ । ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ, অনুসন্ধান ও মৃতদেহ শনাক্তকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

*******************************************************************

বিশ্ব ওজোন দিবসে আজ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেছেন, ক্ষতিকর অতি বেগুনী রশ্মির হাত থেকে এই পৃথিবীকে রক্ষার জন্য ওজোন স্তর ঢাল হিসেবে বিস্তৃত রয়েছে। সমাজ মাধ্যমের এক পোষ্টে তিনি স্মরণ করিয়ে দেন, ওজোন স্তরকে রক্ষার কাজ নিজের বাড়ি থেকেই শুরু করতে হবে। এসি ২৪ ডিগ্রীতে রাখা, উপযুক্ত বৈদ্যুতিন সরঞ্জামের ব্যবহারের মতো সাধারণ কিছু পদক্ষেপ সুস্থ পৃথিবী গড়ে তুলতে সহায়ক হতে পারে। ওজোন স্তরের সংরক্ষনের ফলে জনস্বাস্থ্য সুরক্ষিত, জীববৈচিত্র রক্ষা এবং জলবায়ু স্থিতিশীলতা নিয়ন্ত্রণ করা সম্ভব বলেও মন্ত্রী জানান। নিরাপদ ভবিষ্যতের জন্য সুসংহত অভ্যাস গড়ে তোলার আহ্বানও জানান তিনি।

*******************************************************************

পশ্চিমবঙ্গ সহ দেশের ৫’টি বিধানসভা কেন্দ্র ও অসমের একটি লোকসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ আজ শেষ হচ্ছে। তামিলনাড়ুর মাদুরন তমক ও ধারাপুরাম এবং পুদুচেরীর থাত্তাচাভাডির পাশাপাশি এ রাজ্যের নন্দীগ্রাম ও রেজিনগরে হবে ভোটগ্রহণ। একই সঙ্গে অসমের নওগাঁ লোকসভাআসনেও ভোট নেওয়া হবে। আগামীকাল জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন শনিবার ১৯ শে সেপ্টেম্বর ৬’ই অক্টোবর ভোট নেওয়া হবে। ভোটগণনা ৯’ই অক্টোবর।

*******************************************************************

প্রবাসী ভারতীয় দিবস এবার হবে পশ্চিমবঙ্গে, ২০২৭-এর সাত, আট ও  নয়ই জানুয়ারি। পর্যটন মন্ত্রী ডঃ শংকর ঘোষ আজ কলকাতায়,  ভারত সরকারের আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া এবং রাজ্য পর্যটন দপ্তরের সঙ্গে এরাজ্যের হেরিটেজ সংরক্ষণ ও হেরিটেজ স্থানগুলিকে কেন্দ্র করে ভ্রমণ বিষয়ক একটি মৌ স্বাক্ষর অনুষ্ঠানে একথা জানিয়েছেন।

*******************************************************************